চাটমোহরে আট প্রার্থীর মনোনয়নপত্র প্রত্যাহার

চাটমোহর উপজেলার ১১টি ইউনিয়নের
মধ্যে ৫টি ইউনিয়নের নির্বাচন
তৃতীয় ধাপে আগামী ২৩ এপ্রিল
অনুষ্ঠিত হবে।

বুধবার ছিল প্রার্থীদের মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। চেয়ারম্যান পদে কেউ মনোনয়নপত্র প্রত্যাহার না করলেও সংরক্ষিত নারী সদস্য পদে ১ জন ও সাধারণ সদস্য পদে ৭ জন মনোনয়নপত্র প্রত্যাহার করেছেন।

উপজেলার পার্শ্বডাঙ্গা ইউনিয়নের ১নং ওয়ার্ডে মনোনয়ন পত্র প্রত্যাহার করেছেন মোঃ আবু তালেব। মূলগ্রাম ইউনিয়নের ২নং ওয়ার্ডে গোলাম আজম, ৬নং ওয়ার্ডে আনসার আলী ও ১নং ওয়ার্ডে সিরাজুল ইসলাম। ডিবিগ্রাম ইউনিয়নের ৪নং ওয়ার্ডে বিপ্লব হোসেন বিশু ও ৭নং ওয়ার্ডে মোঃ শামসুল আলম।

মথুরাপুর ইউনিয়নের সংরক্ষিত ওয়ার্ড ৩ নং এ মোছাঃ আনোয়ারা খাতুন এবং ফৈলজানা ইউনিয়নের ১নং ওয়ার্ডে মোঃ ওহিদুল হক। ৫টি ইউনিয়নে ২৫ জন প্রার্থী চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন।